# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

**BANGLADESH OPEN UNIVERSITY**

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯


*"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"*

বাউবি/তথ্য-৯৯/০৩(৬)তথ্য অধিকার/২০২২/৮৭২২

তারিখ: ২৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার সম্পর্কে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করণের উদ্দেশ্যে বাউবির তথ্য অধিকার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটির সভাপতি **মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন**-এর সভাপতিত্বে এক সভা নিম্নোক্ত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হবে। সভার একজন সম্মানিত সদস্য হিসেবে আপনার উপস্থিতি একান্ত কাম্য।

**সভার সূচি**

তারিখ: ১০ এপ্রিল ২০২৩, সোমবার
সময়: সকাল ০৯.০০ মিনিট
স্থান: উপাচার্য মহোদয়ের মিটিং রুম।

**আলোচ্যসূচি:**

ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন এবং বাউবিতে কমিটির কাজের অগ্রগতি ও পর্যালোচনা। চতুর্থ ত্রৈমাসিকের জন্য নতুন আইডিয়াসহ নানা নির্দেশিকা নিয়ে আলোচনা।

খ) তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান। জনসচেতনতামূলক কর্মসূচি নিয়ে আলোচনা।

গ) আরটিআই এর সভা, সেমিনার, কর্মশালা/প্রশিক্ষণ-রিসোর্সপার্সনদের সম্মানি, মিটিং সংক্রান্ত ব্যয় নিয়ে ফাইন্যান্স ডিভিশন ও আইকিউএসি'র মতামত। কাজের অগ্রগতির জন্য আরটিআই কমিটির লজিস্টিক সাপোর্ট।

ঘ) বিভিন্ন স্কুল/বিভাগ/শাখা/আরসি/এসআরসি এর নথির ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরিতে অগ্রগতি সংক্রান্ত। এ সংক্রান্ত সফটওয়ারের ব্যবহার এবং তৈরিতে ইউজিসি এক্সপার্টের কাছে চিঠি প্রেরণ।

ঙ) কমিটির সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ- ইনডেক্স তৈরি/গ্রাফিক্স/কালার ম্যাচিং/ছবি এডিটিং বুঝে এমন দুইজন (০২) কে কো-অপ্ট করা।

চ) বিবিধ

নির্দেশক্রমে

০৫.০৪.২৩

**মো. আব্দুল হাই (বাবু)**
সহকারী পরিচালক
তথ্য ও গণসংযোগ বিভাগ
**ও সদস্য সচিব, তথ্য অধিকার কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।**

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, উপ-উপাচার্য (শিক্ষা); ও সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, বাউবি।
২. অধ্যাপক ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান), স্কুল অব এডুকেশন, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৩. অধ্যাপক আনোয়ারুল ইসলাম, পরিচালক (অতিঃ দায়িত্ব), আইকিউএসি (আমন্ত্রণে)
৪. এমএস সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক,এসএসএইচএল, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৫. জনাব, মো. আবদুল্লাহ আল কাফি, যুগ্ম পরিচালক, সাধারণ প্রশাসন, প্রশাসন বিভাগ, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৬. জনাব, মো. আব্দুল করিম, যুগ্ম পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৭. জনাব, মোঃ আব্দুস সাত্তার, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৮. এমএস আনিকা রহমান, সহকারী অধ্যাপক, এসএসএইচএল বিভাগ, বাউবি ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।
৯. জনাব, ফজলে আরেফীন, সহকারী পরিচালক, প্রকাশনা মুদ্রণ ও বিতরণ বিভাগ এবং বিকল্প ফোকাল্ট পয়েন্ট বাউবি; সংশ্লিষ্ট কমিটি।
১০. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. সংশ্লিষ্ট নথি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPENUNIVERSITY
গাজীপুর-১৭০৫, বাংলাদেশ

তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি
পিএবিএক্স ঃ 09666730730 Ext: 803, 01711 732658

বাউবি/তথ্য/০৩(১)/তথ্য অধিকার/২০২২/৩৯২১(ক)

তারিখ : ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

# তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির ২য় সভার কার্যবিবরণী

বাউবির শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদারকরণের নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন (আরটিআই) সম্পর্কে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে বাউবি তথ্য অধিকার ও বাস্তবায়ন কমিটির দ্বিতীয় সভা ১০ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) এবং তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক ড. মাহবুবা নাসরীন।

**সভায় নিম্নে বর্ণিত সম্মানিত সদস্যগণ উপস্থিত ছিলেন। (পদমর্যাদা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

| ক্রম. | নাম ও পদবি |
|---|---|
| ১. | অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, প্রো-উপাচার্য (শিক্ষা) বাউবি এবং সভাপতি, সংশ্লিষ্ট কমিটি। |
| ১. | অধ্যাপক ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান) স্কুল অব এডুকেশন, বাউবি ও সদস্য সংশ্লিষ্ট কমিটি। |
| ২. | অধ্যাপক আনোয়ারুল ইসলাম, পরিচালক (অতিঃ দায়িত্ব), আইকিউএসি (আমন্ত্রণক্রমে)। |
| ৩. | ড. সায়মা আহমদ, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি ও সদস্য সংশ্লিষ্ট কমিটি। |
| ৪. | জনাব মোঃ আব্দুস সাত্তার, সহযোগী অধ্যাপক, ওপেন স্কুল, বাউবি ও সদস্য সংশ্লিষ্ট কমিটি। |
| ৫. | জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি (আমন্ত্রণক্রমে)। |
| ৬. | এমএস আনিকা রহমান, সহযোগী অধ্যাপক, এসএসএইচএল, বাউবি ও সদস্য সংশ্লিষ্ট কমিটি। |
| ৭. | জনাব ফজলে আরেফীন, সহকারী পরিচালক (পাবলিকেশন), পিপিডি বিভাগ, বাউবি ও বিকল্প ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট কমিটি। |
| ৮. | জনাব মোঃ আব্দুল হাই বাবু, সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি ও সদস্য সচিব, ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট কমিটি। |

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর সদস্য সচিব সংক্ষিপ্তভাবে বাউবির শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদারকরণের বিভিন্ন বিষয় সভায় তুলে ধরেন। এজেন্ডাভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রম. | | আলোচনা ও সুপারিশ |
|---|---|---|
| আলোচ্য-১ | : | পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ নিশ্চিতকরণ। |
| সিদ্ধান্ত-১ | : | সভার সম্মানিত সদস্যদের সম্মতিক্রমে পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ নিশ্চিত করা হয়। |
| আলোচ্য-২ | : | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন এবং বাউবিতে কমিটির কাজের অগ্রগতি ও পর্যালোচনা। চতুর্থ ত্রৈমাসিকের জন্য নির্দেশিকা নিয়ে আলোচনা। |
| সিদ্ধান্ত-২ | : | চতুর্থ ত্রৈমাসিক ও পরবর্তীর সংখ্যার জন্য পর্যায়ক্রমে ফরিদপুর, বগুড়া, চট্টগ্রাম, রংপুর, সিলেট, ঢাকা, ময়মনসিংহ, যশোর, রাজশাহী ও খুলনাসহ সকল আঞ্চলিক কেন্দ্রে প্রশিক্ষণ এবং সভা/সেমিনার/কর্মশালা/লিফলেট বিতরণ করার জন্য একটি কার্য তালিকা তৈরি করতে হবে। বিষয়টি কমপক্ষে ১৫ দিন আগে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র প্রধানকে পত্র দিয়ে জানিয়ে দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সদস্যসচিব মৌখিকভাবে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের প্রধানকে অবহিত করবেন। |
| আলোচ্য-৩ | : | ক) তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদনকারীকে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান।<br>খ) জনসচেতনতামূলক কর্মসূচি নিয়ে আলোচনা। |
| সিদ্ধান্ত-৩ | : | ক) ১০ এপ্রিল ২০২৩ পর্যন্ত বাউবিতে দায়িত্বরত তথ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত-পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি) আরটিআই কমিটির নিকট আবেদনকারীর চাহিত তথ্যের জন্য কোন আবেদনপত্র পেশ করেন নি।<br>খ) ৩ থেকে ৪ মিনিটের স্টোরি টেলিং, তথ্য অধিকারের ব্যানারে ডিজিটাল ডিসপ্লে এবং বিভিন্ন স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্টোরি রাইটিং এর জন্য নিম্নে উল্লিখিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়: অধ্যাপক ড. সোয়াইব আহমেদ (শোয়াইব জিবরান) স্কুল অব এডুকেশন, বাউবি ও সদস্য সংশ্লিষ্ট কমিটি ও জনাব মোঃ মাসুম বিল্লাহ, পরিচালক (ভারপ্রাপ্ত) কম্পিউটার বিভাগ, বাউবি। মিডিয়া বিভাগের সহযোগিতায় নির্মিত স্টোরি টেলিং বাউবি ওয়েব টিভি ও প্রধান ফটকের এলইডি স্ক্রিনে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| আলোচ্য-৪ | : | আরটিআই কমিটির সভা/সেমিনার/কর্মশালা এবং প্রশিক্ষণ এর রিসোর্সপার্সনদের সম্মানি, মিটিং সংক্রান্ত ব্যয় নিয়ে ফাইন্যান্স ডিভিশন ও আইকিউএসির মতামত। |
| সিদ্ধান্ত-৪ | : | তথ্য অধিকারের কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির কাজের পরিধি সুবিশাল এবং পুরো দেশব্যাপী। তিন মাস অন্তর অন্তর সকল স্কুল/বিভাগ/শাখা/উয়ং/সেন্টার/আঞ্চলিক কেন্দ্র ও উপ আঞ্চলিক কেন্দ্র থেকে বিভিন্ন তথ্য সম্বলিত প্রতিবেদন এবং গত ২ যুগ আগের জমাকৃত ফাইলের ৪টি ক্যাটাগরি করে গুরুত্ব ও মেয়াদভেদে ছক আকারে সাজাতে হয়। দাপ্তরিক কাজের বাহিরে এ কাজটি অনেক কঠিন এবং শ্রমসাধ্য বিষয়। অতএব কমিটির সদস্যগণ সম্মানি প্রদানের জন্য নথি প্রেরণ করা এবং প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমে রিসোর্স-পার্সনগণের সম্মানি ও সভার আপ্যায়ন ব্যয় ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর মাধ্যমে প্রেরণ করা যায়। |
| আলোচ্য-৫ | : | বিভিন্ন স্কুল/বিভাগ/শাখা/উইং/সেল/সেন্টার/আঞ্চলিক কেন্দ্র ও উপ আঞ্চলিক কেন্দ্রের নথির ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরির অগ্রগতি সংক্রান্ত। এ সংক্রান্ত সফটওয়ারের ব্যবহার এবং তৈরিতে ইউজিসি এক্সপার্টের কাছে চিঠি প্রেরণ। |
| সিদ্ধান্ত-৫ | : | পর্যায়ক্রমে লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ, কম্পিউটার বিভাগ, পিপিডি, সংগ্রহ শাখা, পেনশন সেল, আইপিএডাব্লুউসহ সকল স্কুল, উপ আঞ্চলিক কেন্দ্রকে নথির ক্যাটাগরি ক্যাটালগ জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত হয়। সঠিক নির্দেশনা ও কাজের গতির জন্য প্রত্যেক স্কুল/বিভাগ/দপ্তর/শাখা/আঞ্চলিক কেন্দ্র/উপ আঞ্চলিক কেন্দ্র থেকে একজন করে প্রতিনিধি নিয়ে ইউজিসি থেকে একজন রিসোর্সপার্সনকে এনে ইনিস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স (আইকিউএসি) এর সহযোগিতায় নথির ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি সংক্রান্ত দিনব্যপী একটি প্রশিক্ষণ ও পরবর্তী সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচ্য-৬ | : | কমিটির সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ- ইনডেক্স তৈরি, গ্রাফিক্স, কালার ম্যাচিং, ছবি এডিটিংসহ এ সংক্রান্ত বিভিন্ন ধরনের কম্পোজ করার জন্য দুইজন (০২) সদস্যকে কমিটিতে অন্তর্ভুক্ত করা। |
| সিদ্ধান্ত-৬ | : | ইতোমধ্যে কমিটির একজন সদস্য জনাব এএসএম নোমাল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) অবসরে চলে গেছেন। কমিটির কাজের পরিধি অনেক ব্যাপক। ইনডেক্স তৈরি করা, বিভিন্ন স্কুল, বিভাগ, দপ্তরের নথির ক্যাটালগ তৈরি করা, গ্রাফিক্স, কালার ম্যাচিং, ছবি এডিটিং, এ সংক্রান্ত বিভিন্ন দাপ্তরিক চিঠিপত্র নথি কম্পোজসহ কম্পিউটার সংক্রান্ত কাজে সহযোগিতা করার জন্য জনাব মির্জা শাহাজাদা ঈমরান, সহকারী পরিচালক, পিপিডি বিভাগকে এবং জনাব মোঃ আল-আমিন, প্রশাসনিক কর্মকর্তা, রিসার্চ ডিগ্রি ইউনিট, প্রশাসন বিভাগকে কমিটিতে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচ্য-৭ | : | বিবিধ (ক) :<br>সভার জন্য স্থায়ীভাবে একটি ব্যানার তৈরি করার বিষয়ে আলোচনা। |
| সিদ্ধান্ত-৭ | : | বিবিধ (ক) :<br>সভার জন্য একটি স্থায়ী ব্যানার তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচ্য-৭ | : | বিবিধ (খ) :<br>শিক্ষার্থীদের করণীয় বিষয়সমূহ কী কী সে বিষয়ে আলোচনা করা হয়। |
| সিদ্ধান্ত-৭ | : | বিবিধ (খ) : একজন শিক্ষার্থীর ভর্তি হওয়া থেকে শুরু করে পরীক্ষা দিয়ে পাস করে বের হয়ে যাওয়া পর্যন্ত যেসব করণীয় থাকে তা ধাপ আকারে লিখে প্রতিটি আঞ্চলিক উপ-আঞ্চলিক কেন্দ্রে ডিসপ্লে আকারে করার জন্য স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগকে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

17.04.2023

মো. আব্দুল হাই (বাবু)
সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ
ও
সদস্য সচিব, তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি, বাউবি।

17/04/2023

অধ্যাপক ড. মাহবুবা নাসরীন
প্রো-উপাচার্য (শিক্ষা), বাউবি
ও
সভাপতি, তথ্য অধিকার কর্ম পরিকল্পনা ও বাস্তবায়ন কমিটি।